

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
পার-৩শাখা  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

বিষয়ঃ সরকারি ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট এর রাজস্বখাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রণীত খসড়া নিয়োগ বিধিমালাটি পর্যালোচনার লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	যুগ্মসচিব (পার) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
সভার তারিখ	:	৩০/০৯/২০১৮খ্রি.
সভার সময়	:	দুপুর ২:৩০ ঘটিকা
স্থান	:	যুগ্মসচিব (পার) এর অফিস কক্ষ (কক্ষ নং ২৩৪, ভবন নং-০৩)।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা- পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপ সচিব (পার-৩) সরকারি ইউনানী আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট এর রাজস্বখাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রণীত খসড়া নিয়োগ বিধিমালাটি প্রস্তুতের উদ্দেশ্যে সভায় বিস্তারিত আলোচনা করেন।

সভায় আলোচনা ও সিদ্ধান্ত:

সরকারি ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট এর রাজস্বখাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রণীত খসড়া নিয়োগ বিধিমালার সাংগঠনিক কাঠামো নিয়ে সভায় পুঞ্জানুপুঞ্জ পর্যালোচনা করা হয়। ইতোপূর্বে প্রস্তুতকৃত সাংগঠনিক কাঠামোটি যুগোপযোগী ও সামঞ্জস্যপূর্ণ ছিল না বিধায় নতুন সাংগঠনিক কাঠামো প্রস্তুত করা হয়। বর্তমানে তৈরী সাংগঠনিক কাঠামোটি অতি স্বল্প সময়ে অত্যন্ত সুন্দরভাবে প্রস্তুত করার জন্য সভাপতি কমিটির সকল সদস্যদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। এই সাংগঠনিক কাঠামোটি প্রাসঙ্গিক এবং যুক্তিযুক্ত হয়েছে বলে তিনি উল্লেখ করেন। প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোতে কিছু পদের সুস্পষ্ট উল্লেখ নেই পরিলক্ষিত হয়েছে যা পরবর্তী সভার পূর্বেই সংশোধন করে উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। তাছাড়া প্রস্তাবিত খসড়া নিয়োগ বিধিমালার তফসিলে যে পদগুলির বর্ণনা রয়েছে সে সব পদের নামও সাংগঠনিক কাঠামোতে উল্লেখ করার প্রস্তাব গৃহীত হয়। খসড়া নিয়োগ বিধিমালার তফসিলের ২য় কলামে পদের নামের সাথে 'পদসংখ্যা' উল্লেখের প্রয়োজনীয়তা নেই বলে সকলে একমত হয়। ৫নং কলামের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিষয়ে আলোচনা মোতাবেক পরবর্তী সভায় উপস্থাপনের বিষয়ে সকল সদস্য একমত হয়। সার্বিক আলোচনায় কমিটি কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) হাকীম মোঃ নুরুল হক, অধ্যক্ষ, সরকারি ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো তফসিল এর সাথে সামঞ্জস্য রেখে সরকারি ইউনানী আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট এর রাজস্বখাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের খড়সা নিয়োগ বিধিমালা, ২০১৮ (খসড়া) পুনঃ প্রস্তুত করে কমিটির নিকট উপস্থাপন করবে।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত  
০৪/১০/১৮  
(সিদ্দিকা আক্তার)  
যুগ্ম সচিব (পার)  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

নং- ৫৯.০০.০০০০.১১১.৯৯.০২৭.১৭-১৮


তারিখঃ ০৪/১০/২০১৮খ্রি।

বিতরণ ও কার্যার্থে:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব গৌতম কুমার, যুগ্মসচিব (আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ২। ডা: মোঃ সারোয়ার বারী, যুগ্মসচিব (বাজেট-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৩। জনাব শাহ আলম মুকুল, উপসচিব (চিকিৎসা শিক্ষা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৪। পরিচালক, হোমিও ও দেশজ চিকিৎসা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, সরকারি ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৪। যুগ্মসচিব (পার), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৫। যুগ্মসচিব (আইন), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৬। যুগ্মসচিব (বাজেট-১), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

  
৪/১০/১৮  
(মাকসুদা হোসেন)  
উপসচিব  
ফোন: ৯৫৪৫৫২২